গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

**বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের জুলাই ২০১৭ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ ড. রাখাল চন্দ্র বর্মণ, অতিরিক্ত সচিব(সচিবের দায়িত্বে), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্প্রণালয়
তারিখ ও সময় ঃ ১৩ আগস্ট ২০১৭, সকাল ৯.৩০ টায়
স্থান ঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত
কর্মকর্তাগণের হাজিরা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি সভার শুরুতে সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সূচনা বক্তব্য প্রদান করেন। বিগত সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/সংস্থা ও উইং এর মধ্যে সমন্বয়ের মাধ্যমে একটি গতিশীল ও কার্যকর সেবামুখী জনবান্ধব প্রশাসন গড়ার জন্য সচিব মহোদয়ের আহবান যথাযথভাবে বাস্তবায়নের জন্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০২.০৮.২০১৭ তারিখের বিশেষ সভায় এবং ই-পাসপোর্ট প্রকল্পের প্রাথমিক প্রস্তুতি গ্রহনের জন্যে সুরক্ষা সেবা বিভাগের সচিবের নেতৃত্বে ইউরোপের বিভিন্ন দেশ সফরে যাওয়ার পূর্বে অনুষ্ঠিত ০৮.০৮.২০১৭ তারিখের বিশেষ সভায় প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে উপস্থিত কর্মকর্তাবৃন্দের নিকট জানতে চান। সভায় জানানো হয়,প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে।

সভাপতি, সচিবের অনুপস্থিতকালীন এ বিভাগের জরুরী বিষয়সমূহ এবং চলমান প্রকল্পসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে এগিয়ে নেয়ার লক্ষ্যে উপস্থিত সকলকে অনুরোধ করেন। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ জানান।

অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

| নং | বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা) |
|---|---|---|
| ১. | **গত সভার (জুন ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ :** গত সভার (জুন ২০১৭) কার্যবিবরণী জুলাই ২০১৭ জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার (জুন ২০১৭) কার্যবিবরণী নিশ্চিত করা হয়। |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি : সভায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।সভাকে জানানো হয়,** মাননীয় প্রধানমন্ত্রীর কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৬টি প্রতিশ্রুতি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সংশ্লিষ্ট ৮টি প্রতিশ্রুতি ও ১টি নির্দেশনা এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ২টি নির্দেশনা প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিশ্রুতি মনিটরিং তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে।<br><br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট ৪টি নির্দেশনা এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ২টি নির্দেশনা | |

| | | |
|---|---|---|
| | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিশ্রুতি মনিটরিং তালিকায় এখনো অন্তর্ভুক্ত নেই।<br><br>কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৬টি প্রতিশ্রুতি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ স্বাভাবিক ও নির্বিঘ্নভাবে বাস্তবায়িত হচ্ছে। বহিরাগমন ও পাসপোর্ট আধিদপ্তরের সংশ্লিষ্ট নির্দেশনা ২টি ইতোমধ্যেই বাস্তবায়িত। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সংশ্লিষ্ট প্রতিশ্রুতির আওতাধীন ৩টি ফায়ার সার্ভিস স্টেশন ব্যতীত অন্যান্য সকল প্রকল্প নির্বিঘ্নভাবে বাস্তবায়িত হচ্ছে।<br>**সমস্যাযুক্ত ফায়ার স্টেশনত্রয় ঃ** | |
| | ক) **ময়মনসিহং জেলাধীন গৌরিপুর ফায়ার স্টেশন** এর প্রস্তাবিত ভূমি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মালিকানাধীন। ভূমিটি ভূমি মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে উক্ত ভূমি সমাজকল্যান মন্ত্রণালয়ে হস্তান্তরিত হওয়ায় ভূমির একাংশ (৩৩ শতক) ফেরত প্রাপ্তির লক্ষ্যে সমাজকল্যান মন্ত্রণালয়ের সম্মতি চাওয়া হয়েছে, যা এখনও পাওয়া যায়নি। | ক) গত সভায় প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী সরকারী পদ্ধতি অনুসরণপূর্বক দ্রুততম সময়ে প্রস্তাবিত ভূমি প্রাপ্তি নিশ্চিতকরণে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখাসহ জরুরীভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহন করতে হবে। |
| | **খ) সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা ফায়ার স্টেশন:** প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের বিরুদ্ধে রীট মামলা দায়ের হয়েছে। প্রকল্প পরিচালক মামলা পক্ষাভুক্ত হওয়ার লক্ষ্যে এস এফ প্রেরণের জন্য জেলা প্রশাসককে অনুরোধ জানিয়েছেন। | খ) গত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকল মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| | **গ) সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা ফায়ার স্টেশন :**<br>সভায় জানানো হয় চৌহালী ফায়ার স্টেশনের জন্য প্রস্তাবিত ভূমি ইতোমধ্যে নদীগর্ভে বিলীন হয়ে গেছে। | গ) নতুন উপযুক্ত ভূমি চিহ্নিত করে অধিগ্রহণ/বন্দোবস্ত কার্যক্রম ত্বরান্বিতকরণে ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| ৩. | <u>মন্ত্রিসভা- বৈঠকে গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি :</u><br>সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে সর্বশেষ তথ্য অনুসারে মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে ০৯টি সুরক্ষা সেবা বিভাগের জন্য নির্ধারিত আছে। সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ০৯টি সিদ্ধান্তের মধ্যে বাংলাদেশ-শ্রীলংকা সরকারের মধ্যে "Agreement between the Government of The People's Republic of Bangladesh and The Government of the Democratic Socialist Republic of Sri Lanka on Visa Exemption for Holders of Diplomatic and Official Passports" চুক্তিটি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে; সুতরাং এটি বাস্তবায়িত বলে গণ্য করা যায়। অপর পক্ষে ২টি সিদ্ধান্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ে, ২টি সিদ্ধান্ত আইন মন্ত্রণালয়ের ভেটিং এর জন্য কার্যক্রমাধীন রয়েছে।<br><br>ব্রাজিল ও সার্বিয়ার সাথে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের বিষয়টি যথাক্রমে ০৪.০৩.১৪ ও ১২.০৪.১৭ তারিখ থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।<br>কারা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ইতোমধ্যেই ই-টেন্ডারিং এ সরকারী ক্রয় শুরু করেছে। বহিরাগমন ও পাসপোর্ট এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ই-টেন্ডারিং এ ক্রয়ের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। তাছাড়া অবশিষ্ট অন্যান্য সিদ্ধান্ত যথাযথ অনুসরণ করা হচ্ছে। | ক) সংশ্লিষ্ট পরবর্তী কার্যক্রম দ্রুততার সঙ্গে সম্পন্ন করতে হবে।<br><br>খ) চুক্তি দুটি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিতকরণে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>গ) ২০১৭-১৮ অর্থ বছরের শুরু থেকে সকল ক্রয় ই-টেন্ডারিং এ সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসের ১ তারিখে এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> অধিদপ্তরসমূহ/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |
| ৪. | <u>শূন্য পদে জনবল নিয়োগ :</u><br>**ক) সভায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাধ্যমে নতুন জনবল নিয়োগের** লক্ষ্যে পদভিত্তিক তথ্যাবলী নিম্নরুপে উপস্থাপন করা হয়।<br>**ক)প্রথম শ্রেণির পদ- ৪টি;**<br>০১.সিস্টেম এনালিষ্ট- ০১টি;<br>০২.প্রোগ্রামার - ০১টি;<br>০৩.সহকারী প্রোগ্রামার- ০১টি;<br>০৪.সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার- ০১টি;<br><br>**খ)দ্বিতীয় শ্রেণির পদ(প্রশাসনিক কর্মকর্তার)-৪টি** | ১) দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বিসিএস/ অপেক্ষমান তালিকা থেকে থেকে দ্রুততম সময়ে শুন্যপদ পূরণ করতে হবে।<br>২) শুন্য পদ পূরণে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সম্বলিত ফোল্ডার প্রস্তুত করে সংশ্লিষ্টগণের নিকট প্রেরণ করতে হবে।<br><u>বাস্তবায়নে :</u> যুগ্মসচিব (প্রশাসন) |

| | | |
|---|---|---|
| | খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে কর্মকর্তা পদায়ন : | সুরক্ষা সেবা বিভাগের শুন্যপদ পূরণে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা পদায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| | গ) পরিকল্পনা বিভাগের মাধ্যমে কর্মকর্তা পদায়ন : | সিনিয়র সহকারী প্রধানের ১টি শুন্য পদে কর্মকর্তা পদায়নের মাধ্যমে নিয়োগ দানের জন্য পরিকল্পনা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| | গ) সুরক্ষা সেবা বিভাগের ১৩তম গ্রেড থেকে ২০তম গ্রেডের শুন্য পদ বিষয়ে সভায় জানানো হয়,২৮-০৫-২০১৭ তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ০৪ টি ক্যাটাগরীর ৩৪টি শূন্য পদের বিপরীতে প্রাপ্ত আবেদনের সংখ্যা ২৪,৪৫০টি। আবেদন পত্র জমা দেয়ার শেষ তারিখ ছিল ১৮.০৬.২০১৭।<br>পদভিত্তিক শূন্য পদ:<br>ক) কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)=০৫টি<br>খ)সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর(গ্রেড-১৩)=০২টি<br>গ) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)=১৮টি<br>ঘ) অফিস সহায়ক(গ্রেড-২০)=০৯টি | সরকারী বিধি বিধান পরিপূর্ণভাবে অনুসরণ করে দ্রুততম সময়ে শুন্য পদ পূরণের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কমিটিকে ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ/সংশ্লিষ্ট কমিটি |
| ৫ | অনিস্পন্ন বিষয় : | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অনিস্পন্ন বিষয়সমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৬ | শাখা/জেলা পরিদর্শন : | ১)সভাপতি জুলাই ও আগস্ট স্লটে প্রতিটি শাখা পরিদর্শন নিশ্চিত করা, পরিদর্শন প্রতিবেদনে শাখার কাজের গুণগত মান উন্নয়নের সুনির্দিষ্ট পর্যবেক্ষণ/সুপারিশ রাখার বিষয় সুনিশ্চিত করা এবং এগুলোর সারাংশ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সচিব মহোদয়ের নির্দেশনা যথাযথাভাবে পরিপালন করা হচ্ছে দেখে সভায় সন্তোষ প্রকাশ করেন।<br>২) তিনি যথারীতি শাখা ও জেলা পরিদর্শন অব্যাহত রাখার জন্যে সকলকে অনুরোধ করেন।<br>বাস্তবায়নে : সকল শাখা/অধিশাখা প্রধান |

| | | |
|---|---|---|
| ৭ | নথির শ্রেণিবিন্যাসকরণ : | ১) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী শ্রেণিবিন্যাসকৃত নথির যথাযথ সংরক্ষণ নিশ্চিত করতে হবে;<br>২) নথির ইনডেক্স রেজিস্টার পরীক্ষা করে নথির সংখ্যা নিশ্চিত করতে হবে ;<br>৩) সচিবালয় নির্দেশমালা অনুসরন এবং ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি ব্যবস্থাপনা করতে হবে।<br>৪) সকল নথির শ্রেণিকরণ কাজ শেষ না হওয়া পর্যন্ত সকল শাখা/অধিশাখা কর্তৃক প্রতিমাসে ন্যূনতম ২০টি নথির শ্রেণিবিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে ;<br><br>বাস্তবায়নে : সকল শাখা/অধিশাখা প্রধান |
| ৮ | **ই-ফাইলিং : সভাকে জানানো হয় সুরক্ষা সেবা বিভাগ ই-ফাইলিং** কার্যক্রমে **৫৪টি মন্তণালয়/বিভাগের মধ্যে বর্তমানে ২১তম স্থানে অবস্থান করছে।** | এ বিভাগের ই-ফাইলিং কার্যক্রম গতিশীল হওয়ায় সভাপতি সভায় সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : সকল শাখা/আইসিটি সেল |
| ৯ | **প্রশিক্ষণ : সভাকে জানানো হয়, প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।** | ১) সকল কর্মকর্তার নিকট থেকে প্রশিক্ষণের বিষয় সংগ্রহ করে ২০১৭-১৮ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী করতে হবে।<br>২) সকল কর্মকর্তা/কর্মচারীর ৬০ ঘন্টার প্রশিক্ষণ আগস্ট-এপ্রিল, ২০১৮ এর মধ্যেই সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে : উপসচিব (কারা) |
| ১০ | **বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন :** ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার খসড়া প্রনয়ণ করা হয়েছে। | ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা দ্রুত চুড়ান্তভাবে উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে : উপসচিব (প্রশাসন-২) |
| ১১ | অডিট আপত্তি নিষ্পত্তি : | ক) অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করবেন।<br>খ) অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা যথাসময়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র সকল প্রমাণক সহযোগে যথাসময়ে প্রস্তুত নিশ্চিত করবেন।<br>গ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় গৃহীত অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ) উইং প্রধানগণ সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম মনিটরিং করবেন।<br>বাস্তবায়নে : ফোকাল কর্মকর্তা/অনুবিভাগ প্রধান |

| | | |
|---|---|---|
| ১২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : | ১) মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সুরক্ষা সেবা বিভাগের এবং সুরক্ষা সেবা বিভাগের সাথে অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি যথাসময়ে সূচারুরূপে সম্পাদিত হয়েছে।<br>২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি ফলো আপ করতে হবে। |
| ১৩ | ওয়েবসাইট হালনাগাদকরণ : | ১) কর্মকর্তাগণ সপ্তাহে কমপক্ষে একবার ওয়েবসাইট পরিদর্শন করবেন এবং কোন সংশোধনী কিংবা উন্নয়নধর্মী প্রস্তাব থাকলে সেটি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করতে হবে।<br>২) মাননীয় মন্ত্রীর Page সচিব মহোদয়ের Page, ফটোগ্যালারী Content তৈরী এবং তার যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে ;<br>**৩) দ্রুততম সময়ে ওয়েবসাইট আপডেট করতে হবে ;**<br>**বাস্তবায়নে :** ওয়েবসাইট পুর্নগঠন কমিটি |
| ১৪ | বিবিধ :<br>**১৪.১ঃ ২০১৬-২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ :**<br><br>**১৪.২ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, উদ্ভাবনী কার্যক্রম, তথ্য অধিকার আইন বাস্তবায়ন :**<br><br>**১৪.৩ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা নিরসনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান, বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :** | ১) ক. অধিদপ্তরসমূহের সাথে পরামর্শকরণ এবং বিশেষ করে Mind Mapping করে প্রতিবেদনের বিষয়বস্তু নির্ধারণ করতে হবে।<br>খ. আগামী ০২(দুই) মাসের মধ্যে প্রতিবেদনের খসড়া চূড়ান্ত করতে হবে।<br>২) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রতিটি বিষয়ে অর্জিত অগ্রগতি সংক্ষিপ্তভারে সভায় উপস্থাপন করতে হবে। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৮/২০১৭

ড. রাখাল চন্দ্র বর্মণ, অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়